



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তা: ০৬/০২/২০২২ খ্রি:

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)’র পৃথক অভিযানে গাঁজা, ফেনিডিলসহ বিপুল পরিমাণে আমদানি নিষিদ্ধ অবৈধ নেশাজাতীয় Buprenorphine Injection উদ্ধারসহ ০৪ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার



০৫/০২/২০২২ খ্রি. ও ০৬/০২/২০২২ খ্রি. রাতে গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি)’র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় রংপুর মহানগরী এলাকায় পৃথক ০৩ টি অভিযান পরিচালনা করে ১ কেজি গাঁজা, ৫০০ এম্পুল আমদানি নিষিদ্ধ অবৈধ নেশাজাতীয় Buprenorphine Injection I.P. 2ml. (ইনজেকশন) ও ২৫ বোতল ফেনিডিল উদ্ধারসহ ০৪ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়।

ঘটনা-১ : গত ০৫/০২/২০২২ খ্রি. সন্ধ্যা ১৮.৩০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে গোয়েন্দা বিভাগ ডিবির পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ ফারুক খলিল এর নেতৃত্বে এসআই (নিঃ) তচলিম উদ্দিন আহমেদ এবং সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোত্তয়ালী থানাধীন ১৭ নং ওয়ার্ডস্থ ইসলামবাগ আরকে রোড প্রাইম স্কুল এন্ড কলেজ এর মূল প্রবেশ পথের সামনে চলাচলের হাইওয়ে রাস্তার পার্শ্বে অভিযান পরিচালনা করে নেশাজাতীয় মাদকদ্রব্য ০১ (এক) কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী মোঃ ইউনুচ আলী (৩১), পিতা- মোঃ আব্দুস সালাম, মাতা- মোছাঃ হাজেরা বেগম, সাং- মাবত্তাম গোপালপুর, থানা- সিংড়া, জেলা- নাটোরকে গ্রেফতার করা হয়।

ঘটনা- ২ : গত ০৫/০২/২০২২ খ্রি. রাত্রি ২২.০৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে গোয়েন্দা বিভাগ ডিবির পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ ফারুক খলিল এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ তচলিম উদ্দিন আহমেদ এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি রংপুর তাজহাট থানাধীন ১৫ নং ওয়ার্ডস্থ বিনোদপুর কেরুর মোড় আঙ্গুর মিয়ার চায়ের দোকানের সামনে চলাচলের হাইওয়ে রাস্তার পার্শ্বে অভিযান পরিচালনা করে ৫০০ এম্পুল আমদানি নিষিদ্ধ অবৈধ নেশাজাতীয় Buprenorphine Injection I.P. 2ml. (ইনজেকশন) সহ আসামী ০১। মোঃ হাসান আলী (৪৭), পিতা- মৃত সাবের উদ্দিন, মাতা- জিন্নাতুন নেছা, সাং- আটপুনিয়া, ইউপি- ১১ নং বড়বালা, থানা- মিঠাপুর এবং ০২। মোঃ নুরজামান লাভলু (৩২), পিতা- মোঃ বাবুল মিয়া, মাতা- মোছাঃ ছাবিনা বেগম, সাং- গগনপুর মধ্যপাড়া, ইউপি- ০৪ নং সরগাম, থানা- বিরল, জেলা- দিনাজপুর-কে গ্রেফতার করা হয়।

ঘটনা- ৩ : অদ্য ০৬/০২/২০২২ খ্রি. রাত্রি ০৩.৩৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে গোয়েন্দা বিভাগ ডিবির পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ শওকত আলী সরকার এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ তচলিম উদ্দিন আহমেদ এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর তাজহাট থানাধীন মডার্ণ মোড়স্থ শাহীন হোটেল এন্ড রেস্টুরেন্ট এর সামনে অভিযান পরিচালনা করে ২৫ বোতল ফেনিডিল উদ্ধারসহ আসামী মোঃ সাহিনুর ইসলাম (৩৪), পিতা- মোঃ বাবুল মিয়া, মাতা- মোছাঃ ছাবিনা বেগম, সাং- গগনপুর মধ্যপাড়া, ইউপি- ০৪ নং সরগাম, থানা- বিরল, জেলা- দিনাজপুর-কে গ্রেফতার করা হয়।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিকালে আরপিএমপি, কোত্তয়ালী ও তাজহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন পৃথক ০৩ টি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরণের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ কারুণ-

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

০৬.০২.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১